# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ২৬টি প্রতিষ্ঠানকে ৩.২৫ লক্ষ টাকা জরিমানা

**২৮ ডিসেম্বর ২০১৬ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ৮ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, সিলেট, বরিশাল, চট্টগ্রাম ও ভোলায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক মোঃ আবদুল মজিদের নেতৃত্বে ঢাকা মহানগরীর পল্টন ও মতিঝিল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে এরাবিয়ান নাইটস ও হযরত শাহ চন্দ্রপুরী হোটেল এন্ড রেস্টুরেন্টকে যথাক্রমে **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মতিঝিল ও রমনা এলাকায় মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে তাজরীন মেডিসিন ও বেষ্ট মেডিসিনকে যথাক্রমে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে গুড ফুড ও ক্যাশ এন্ড ক্যারী ফার্মাকে যথাক্রমে **৩,০০০/- (তিন হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **৩৮,০০০/- (আটত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর বংশাল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে নিউ আল-আমিন রেস্টুরেন্ট এন্ড মিনি চাইনিজ এন্ড পার্টি সেন্টার, রওশন হোটেল এন্ড রেস্টুরেন্ট ও নিউ বিসমিল্লাহ হোটেল এন্ড রেস্টুরেন্টকে যথাক্রমে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা, **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা ও **২০,০০০/- (বিশ হাজার)** টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আদি বিক্রমপুর মিষ্টিঘরকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকাসহ মোট **১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক মোঃ কামাল উদ্দীনের নেতৃত্বে সিলেট মহানগরের দক্ষিণ সুরমা এলাকায় **৫টি** প্রতিষ্ঠানকে **৭১,৫০০/- (একাত্তর হাজার পাঁচশত)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের কোতয়ালী থানা এলাকায় **৫টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের ডাবলমুরিং থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের সদরঘাট এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা এবং ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **১,২৯,৫০০/- (এক লক্ষ উনত্রিশ হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে বায়ানস হোটেল এন্ড রেস্টুরেন্টকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৭৫০/- (সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **৮টি** বাজার তদারকি ও **১টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **২৬টি** প্রতিষ্ঠানকে মোট **৩,২৫,৫০০/- (তিন লক্ষ পঁচিশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১ জন** অভিযোগকারীকে মং **৭৫০/- (সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, সিলেট, বরিশাল, চট্টগ্রাম ও ভোলা।
৭। পুলিশ সুপার, ঢাকা, সিলেট, বরিশাল, চট্টগ্রাম ও ভোলা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।